"মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ্জ ব্যবস্থাপনবা"

অতীব জরুরী

সচিব, হাব
সকল সদস্যকে
অবহিত করুন।
Faruque Ahmed Sardar
Secretary General
Hajj Agencies Association of Bangladesh

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ হজ্জ অফিস
মক্কা আল মোকারামা
সৌদি আরব।

স্মারক নং-১৬.০৪.০০০০.০০০.১৮.০০৬.২০১৫-২৯৪ তারিখ ঃ ০১.০৫.২০২৩ খ্রিঃ

বিষয় ঃ ২০২৩-হজ্জ (১৪৪৪ হিজরী) মৌসূমে বাংলাদেশী হজ্জ এজেন্সী কর্তৃক সেবা গ্রহণের চুক্তি সম্পাদন।

সূত্র ঃ সৌদি হজ্জ ও ওমরা মন্ত্রণালয়ের ই-হজ্জ সিস্টেমে ০১/৫/২০২৩ তারিখে প্রাপ্ত হজ্জ অফিসের জন্য অতিব জরুরী বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সৌদি হজ্জ ও ওমরা মন্ত্রণালয়ের ই-হজ্জ সিস্টেমে হজ্জ ২০২৩ খ্রিঃ (১৪৪৪ হিজরী) মৌসূমে বাংলাদেশী হজ্জ এজেন্সী কর্তৃক সেবা প্রদানকারী স্থানীয় বিভিন্ন সংস্থার সাথে চুক্তি সম্পাদনের বিষয়ে ০১/৫/২০২৩ তারিখে প্রাপ্ত জরুরী বিজ্ঞপ্তিটি হজ্জকার্যক্রম পরিচালনাকারী সকল এজেন্সীকে অবহিত করার ব্যবস্থা গ্রহণের জন্য বঙ্গানুবাদসহ এতদ্সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনা মতে ০২ (দুই) পাতা।

০১/৫/২০২৩

(মোঃ জহিরুল ইসলাম)
কাউন্সেলর (হজ্জ)

সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

স্মারক নং-১৬.০৪.০০০০.০০০.১৮.০০৬.২০১৫- তারিখ ঃ ০১.০৫.২০২৩ খ্রিঃ

অনুলিপি ঃ জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ।
২। অতিরিক্ত সচিব, হজ্জ অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবায়ল, ঢাকা।
৩। মান্যবর কনসাল জেনারেল, বাংলাদেশ কনসুলেট জেনারেল, জেদ্দা।
৪। পরিচালক, হজ্জ অফিস, আশকোনা, ঢাকা।
৫। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৬। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। উপসচিব (হজ্জ-১), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। অফিস কপি।

(মোঃ জহিরুল ইসলাম)
কাউন্সেলর (হজ্জ)

(ই-হজ্জ সিস্টেমের মাধ্যমে প্রেরিত)

(অনুবাদ কপি)

সকল হজ্জ অফিসের জন্য অতিব জরুরী বিজ্ঞপ্তি।

**সকল মাননীয়/মান্যবর ও ওলামাগণ।**

**আস্‌সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু,,**

হজ্জ ও ওমরা মন্ত্রনালয় আপনাদেরকে কতিপয় গুরুত্বপূর্ন বিষয়ে অবহিত করছে যা নিম্নরূপ ঃ

প্রথমত ঃ

আপনাদের হজ্জ অফিসের অধীনে সকল মোনাজ্জেম এবং হজ্জ কোম্পানীকে সতর্ক করা যাচ্ছে যে, আপনাদের হজ্জযাত্রীদের সেবা প্রদানকারী সংস্থা (যেমন অনুমোদিত কোম্পানী যারা পরিবহন, আবাসন এবং ক্যাটারিং সেবা প্রদান করবেন) তারা কেবলমাত্র হজ্জ অফিসের মাধ্যমে চুক্তিবদ্ধ হবেন। কেননা হজ্জ সংশ্লিষ্ট বিষয়ে তাদের সাথে স্বাক্ষতির চুক্তি অনুযায়ী হজ্জ অফিসই একক সরকারী সংস্থা। সেবা প্রদানকারী সংস্থার সাথে চুক্তির ধরণ এবং সংখ্যার বিষয়ে তারাই হজ্জ ও ওমরা মন্ত্রণালয়ের সাথে জবাবদিহিতায় দায়বদ্ধ।

দ্বিতীয়ত ঃ

আর্থিক সংশ্লিষ্ট বিষয়ে গ্যারান্টি প্রদান এবং সেবা প্রদানের নিমিত্তে (তাদের অধীনের কোম্পানীসমূহের) চুক্তিসমূহ ই-হজ্জ সিস্টেমে রেজিস্ট্রেশনের সর্বশেষ সময় **রোজ বৃহস্পতিবার মোতাবেক ০৪/০৫/২০২৩ খ্রিঃ।** যাতে করে মন্ত্রণালয় সেবা প্রদানকারী সংস্থাকে প্রস্তুতকৃত আল্ মাশায়ের আল্ মোকাদ্দাসা (তাঁবুসমূহ) **আগামী ০৪/০৬/২০২৩ খ্রিঃ তারিখ হস্তান্তর করতে পারে।** এ ব্যাপারে কোন সংস্থার বিলম্বের কারণে সৃষ্ট জটিলাতার সকল দায়দায়িত্ব উক্ত সংস্থাকে বহন করতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে রেজিস্ট্রেশন শীঘ্রই ই-হজ্জ সিস্টেম বন্ধ হয়ে যাবে। উক্ত সময়ের পরে কোনক্রমেই বর্ণিত তারিখ বর্ধিত করার কোন প্রকার সুযোগ থাকবে না।

এমতাবস্থায় দ্রুততম সময়ের মধ্যে বিশেষ চুক্তির ব্যাপারে প্রয়োজনীয় ব্যাংক গ্যারান্টি প্রদান পূর্বক উক্ত চুক্তি ই-হজ্জ সিস্টেমে এন্ট্রি প্রদানের জন্য অনুরোধ করা হলো। উক্ত তারিখের পরে বিলম্বের কারণে ই-হজ্জ সিস্টেমে কোন চুক্তি রেজিস্টেশন না হলে মন্ত্রনালয় উহার কোন দায়িত্ব বহন করবে না।

আমাদের আন্তরিক ধন্যবাদ গ্রহণ করবেন।

01.5.2023

হজ্জ অফিস বিষয়ক বিভাগ

# تعميم هام وعاجل لجميع مكاتب شؤون الحج

**معالي/ فضيلة / سعادة رئيس مكتب شؤون الحج**

**السلام عليكم ورحمة الله وبركاته،**

**تفيدكم وزارة الحج والعمرة ببعض التنبيهات الهامة والعاجلة:**

**اولاً: أهمية التنبيه و التأكيد على الشركات والمنظمين التابعين لمكتبكم الموقر، بان التعاقد مع شركات مقدمي الخدمة الخاصة بحجاجكم (مثال: شركة مقدم خدما معتمد ، النقل، السكن والإعاشة) يكون فقط من خلال مكتب شؤون الحج، كونها الجهة الرسمية التي تم توقيع محضر ترتيبات شؤون الحج معها. بحيث يكون مسؤ و ملتزم امام الوزارة في الاعداد المتفق عليها و طبيعة و بنود التعاقد مع شركات مقدمي الخدمة.**

**ثانياً: آخر يوم لدفع الضمان المالي وإنهاء ورفع التعاقدات الخاصة بالخدمات المقدمة (بما في ذلك تعاقدات الشركات التابعة) ورفعها على المسار الإلكتروني هو نه يوم الخميس الموافق 2023/05/04م، نظرا لإلزام الوزارة لشركات مقدمي الخدمة بتسليم جاهزية المشاعر يوم 2023/06/04م ، و تتحمل الجهة المتسببة ف التأخير ما يترتب على ذلك.**

**وسوف يغلق المسار الإلكتروني، ولن يكون هناك مجال للإضافة بعد هذا التاريخ.**

**عليه نأمل منكم سرعة انجاز دفع الضمان المالي وانهاء التعاقدات الخاصة بمكتبكم ورفعها على المسار الإلكتروني.**

**ولن تكون الوزارة مسؤولة عن ضرر ناتج عن تأخير رفع التعاقدات على المسار الإلكتروني بعد هذا التاريخ.**

**وتقبلوا منا وافر التحية والتقدير،**

**الإدارة العامة لمكاتب شؤون الحج**